

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০২৬

৩০/ সৎ ব্যবহার ও সম্পর্ক রক্ষা (ﷺ) পরিচ্ছেদঃ অধিক ক্রোধ প্রসঙ্গে।

باب مَا جَاءَ فِي كَثْرَةِ الْغَضَبِ

আরবী

حَدَّتَنَا أَبُو كُرَيْبٍ، حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ عَيَّاشٍ، عَنْ أَبِي حَصِينٍ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ جَاءَ رَجُلُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ عَلِّمْنِي شَيْئًا وَلاَ تُكْثِرْ عَلَىَّ لَعَلِّي أَعِيهِ . قَالَ " لاَ تَغْضَب " . قَرَدَّدَ ذَلِكَ مِرَارًا كُلُّ ذَلِكَ يَقُولُ " لاَ تَغْضَب " . قَالَ أَبُو عَيسَى وَفِي الْبَابِ عَنْ أَبِي سَعِيدٍ وَسُلَيْمَانَ بْنِ صَنُرَدٍ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَأَبُو حَصِينٍ اسْمُهُ عُتْمَانُ بْنُ عَاصِمٍ الْأَسَدِيُّ .

বাংলা

২০২৬। আবৃ কুরায়ব (রহঃ) আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললঃ আমাকে কিছু শিখিয়ে দিন; আমার জন্য যেন তা বেশী না হয়ে যায়। আমি যেন তা আত্মস্থ করতে পারি। তিনি বলেনঃ রাগ করবে না। লোকটি তার প্রশ্নের কয়েকবার পুনরাবৃত্তি করল। প্রতিবারই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ রাগ করবে না। সহীহ, বুখারী, তিরমিজী হাদিস নম্বরঃ ২০২০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ সাঈদ এবং সুলায়মান ইবন সুরাদ রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। হাদীসটি হাসান সহীহ; এই সূত্রে গারীব। বর্ণনাকারী আবৃ হাসীন (রহঃ)-এর নাম হল উসমান ইবন আসিম আসাদী।

English

Abu Hurairah narrated that a man came to the Messenger of Allah and said: "Teach me something that is not too much for me so that, perhaps, I may abide by it." He (S.A.W) said: "Do not get angry." He repeated that (the request) a number of times, each time he replied: 'Do not get angry."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন